

৬৭

২

হলের ৫১টি কক্ষ ভাঙচুর

# কয়েক দফা ছাত্র সংঘর্ষ : জাহাঙ্গীরনগর ভাঙ্গি টি বন্ধ

৥ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ৥  
গত দুদিনে কয়েক দফা ছাত্র  
সংঘর্ষের পরিপ্রেক্ষিতে কতৃপক্ষ  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
আগামী ২৪শে আগস্ট পর্যন্ত  
বন্ধ ঘোষণা করেছেন। বিশ্ববিদ্যা  
লয় কতৃপক্ষের নির্দেশে ছাত্র-  
ছাত্রীরা গতরাত বিকাল ৫টার

মধ্যে হল ত্যাগ করে। ক্যাম্পাসে  
কড়া পুলিশ প্রহরা মোতায়েন  
করা হয়েছে। যে কোন হিংস্রাত্মক  
তৎপরতা মোকাবেলার জন্য  
পুলিশকে দায়িত্ব দেয়া হয়েছে।  
কতৃপক্ষ জানান, মঙ্গলবার  
রাতের সংঘর্ষে কমপক্ষে ২২ জন  
ছাত্র আহত হন। এর মধ্যে ১০

জনকে ঢাকা মেডিক্যাল কলেজ  
হাসপাতালে ভর্তি করা হয়েছে।  
আহতদের মধ্যে ইসলামী ছাত্র  
শিবিরের সভাপতি মমতাজুর রহ-  
মানের আস্থা আশংকাজনক। এ  
ছাড়াও গুরুতর আহতরা হলেন-  
হালিম, কবির, নাজির, মারুফ  
(শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

## ভাঙ্গি টি বন্ধ

(প্রথম পৃঃ পর)

জৌহিদ, রোকন, মোজাম্মেল ও  
রহমত।

মঙ্গলবার রাতে জাতীয়তাবাদী  
ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের  
মধ্যে এই সংঘর্ষের সময় বিশ্ব-  
বিদ্যালয়ের শহীদ সালাম-বরকত  
হল, কামালউদ্দিন হল, আল-  
বেরুনী হল ও মীর মোশাররফ  
হোসেন হলের ৫১টি রুম ভাঙ্গ-  
চুর ও তছনছ করা হয় এবং  
কয়েকটি রুমের জিনিসপত্র এক  
সাথে করে আগুন ধরিয়ে দেয়া  
হয়।

### ছাত্র সংগ্রাম পরিষদ

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাস-  
নিক ভবনের সামনে ছাত্র সংগ্রাম  
পরিষদ আয়োজিত এক সমাবেশে  
ছাত্র নেতৃবৃন্দ ক্যাম্পাসকে সন্ত্রাস-  
মুক্ত করে শিক্ষার সূষ্ঠা ও স্বাভা-  
বিক পরিবেশ ফিরিয়ে আনার  
জন্য বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের  
কাছে আহ্বান জানিয়েছেন।

### ভাঙ্গির কাছে স্মারকলিপি

জাতীয়তাবাদী ছাত্রদল জাহা-  
ঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় শাখা  
ভাঙ্গির কাছে চার দফা দাবী  
সংবলিত স্মারকলিপি দিয়েছে।

### যুক্ত বিবৃতি

ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার  
সভাপতি জসির উদ্দীন ও সম্পা-  
দক আশরাফ উদ্দীন খান এক  
যুক্ত বিবৃতিতে অভিযোগ করে-  
ছেন যে, মঙ্গলবার রাতে শিবিরের  
কর্মীরা, বৃহস্পতিবারের সহযোগিতা-  
তায় ছাত্রদলের কর্মীদের উপর  
সশস্ত্র হামলা চালায়। এতে ১০  
জন কর্মী আরাত্মক আহত হন।  
এছাড়া ছাত্রদলের সদস্যদের ৩২টি  
কক্ষ ভাঙচুর ও অগ্নিসংযোগ  
করা হয় বলে বিবৃতিতে তারা  
উল্লেখ করেন।